গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
www.sadarsunamganj.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.২২.০১০.২০.১৪.৪৯৪ তারিখ : ০১ এপ্রিল, ২০২৪।

বিষয় : **২০২৩-২৪ অর্থ বছরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থ বছরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি, ২০২৪ হতে মার্চ, ২০২৪) মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এসাথে প্রেরণ করা হলো।

**সংযুক্ত :** বর্ণনামতে ০১ (এক) পাতা।

০১/০৪/২৪

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
Email-unosunamganj@mopa.gov.bd

জেলা প্রশাসক
সুনামগঞ্জ।

**অনুলিপি : সদয় জ্ঞাতর্থে**
০১. অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/শিক্ষা ও আইসিটি, সুনামগঞ্জ।
০২. অফিস কপি।

## ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪
## এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি, ২০২৪ হতে মার্চ, ২০২৪) প্রতিবেদন:

মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

| ক্রম | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ | | | | | অর্জন (জানুয়ারি, ২০২৪ হতে মার্চ, ২০২৪ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | |
| ০১ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | তারিখ | ১২ | ১৬/০৩/২৪ | ২৩/০৩/২৪ | ৩০/০৩/২৪ | ০৬/০৪/২৪ | ১৩/০৪/২৪ | ১৬/০৩/২০২৪ |
| ০২ | [২.১] ইতো:পূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইকৃত সেবা চালু অব্যাহত রাখা | [২.১.১] ইতো:পূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু রাখা | সংখ্যা | ৫ | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ |
| ০৩ | [৩.১] ইনোভেশন শোকেসিং | [৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যুনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত | তারিখ | ১০ | ১৫/০৪/২৪ | ২১/০৪/২৪ | ২৮/০৪/২৪ | ০৫/০৫/২৪ | ১২/০৫/২৪ | ০১/০৪/২০২৪ |
| ০৪ | [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | % | ৮ | ৮০% | ৭৫% | ৭০% | ৬৫% | ৬০% | ৮০% |
| ০৫ | [৫.১] তথ্য বাতায়ন হাল নাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (নিয়মিতভাবে) | সংখ্যা | ৭ | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ |
| | | [৫.১.২] আওতাধীন অফিস সমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ |
| ০৬ | [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন | [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/ সভা/সেমিনার আয়োজিত | সংখ্যা | ৫ | ২ | - | ১ | - | - | ১ |

০২/০৪/২৪

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
Email-unosunamganj@mopa.gov.bd

# www.sadar.sunamganj.gov.bd

## সুনামগঞ্জ সদর উপজেলা

Reporting Generate On:2024-03-19 15:31 03

### নিজ পোর্টালের অবস্থা

টোটাল লিংক (259) টি

সম্পূর্ণতার হার 100%

এক্সটার্নাল লিংক (79) টি

লিংক নেই (0) টি

অসম্পূর্ণতার হার 0%

সরকারি অফিস (40 ) টি

সেবা বক্স (14) টি

ভাঙ্গা লিংক (0) টি

### অধিনস্থ পোর্টাল সমূহের সার্বিক অবস্থা

সম্পূর্ণতার হার 74%

অসম্পূর্ণতার হার 26%

ভাঙ্গা লিংক (0) টি

| ক্রম. নং | লিংক |
|---|---|
| কোন ভাঙ্গা লিংক পাওয়া যায় নি। | |

লিংক নেই(0) টি

| ক্রম. নং | লিংক |
|---|---|
| কোন তথ্য নেই লিংক পাওয়া যায় নি। | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
আইসিটি শাখা
www.sunamganj.gov.bd

ইউএনও অফিস, সুনামগঞ্জ সদর
ডকেট নং ১৮৩ তারিখ ২১/২/২৪
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০০৮.১৬.৩১

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩০
২০ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: **জেলা ও উপজেলা পর্যায়ের ওয়েব পোর্টাল হালনাগাদপূর্বক প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: বিভাগীয় কমিশিনারের কার্যালয়, সিলেট এর ১৩.০২.২০২৪ তারিখের ০৫.৪৬. ০০০০.০১১.৯৯.০০৫.২২.২৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা" প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা মোতাবেক জেলা ও উপজেলা পর্যায়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করে বিভাগীয় কমশিনারের কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হয়।

এমতাবস্থায়, তাঁর দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করে প্রতিবেদন আগামী ২৫.০২.২০২৪ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-২-২০২৪
মোঃ রৌশন আহমেদ
সহকারী কমিশনার
ফোন: ০৮৭১-৬২৬৪৭
ইমেইল:
ictsectionsunamganj@gmail.com

বিতরণ :
১) জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান............................................ ,সুনামগঞ্জ
২) উপজেলা নির্বাহী অফিসার, .......................................(সকল), সুনামগঞ্জ

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০০৮.১৬.৩১/১

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩০
২০ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

২০-২-২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
web: sadar.sunamganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৮৯.০০০.০৮.০০৭.২৩- ৪৮৮ তারিখ-৩১মার্চ২০২৪ খ্রি.

পৃষ্ঠাঙ্কন পত্রের বর্ণনামতে আপনার দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করে আগামী ০৪/০৪/২০২৪ তারিখের মাধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩১/০৩/২৪

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
-unosunamganj@mopa.gov.bd

১। উপজেলা---------------------------- -----------কর্মকর্তা, সুনামগঞ্জ, সদর, সুনামগঞ্জ।
২। চেয়ারম্যান-------------------------------------- (সকল) ইউপি, সুনামগঞ্জ, সদর, সুনামগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
www.sadarsunamganj.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.২২.০১০.২০.৩৪৬ তারিখ : ২৯ ফেব্রুয়ারি, ২০২৪।

## সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে আগামী ০৭/০৩/২০২৪ তারিখ বৃহস্পতিবার উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জে নিম্নবর্ণিত সভাসমূহ পার্শ্বে উল্লিখিত সময়ে অনুষ্ঠিত হবে।

| সভার তারিখ ও বার | সভার সময় | সভার বিষয় |
|---|---|---|
| ০৭/০৩/২০২৪ বৃহস্পতিবার | বেলা ১০.০০ টা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভা। |
| | বেলা ১১.০০ টা | স্মার্ট বাংলাদেশ বিনির্মান বিষয়ক সভা। |
| | বেলা ১২.০০ টা | নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারী এবং স্টেকহোল্ডারদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সভা। |
| | বেলা ১২.৪৫ টা | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত উপজেলা পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভা। |

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
Email-unosunamganj@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.২২.০১০.২০.৩৪৬/১(১২০) তারিখ : ২৯ ফেব্রুয়ারি, ২০২৪।

**অনুলিপি : সদয় জ্ঞাতর্থে**

০১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০২. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে**

০৪. সহকারী কমিশনার (ভূমি), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৫. উপজেলা ---------------------------------------------------------------------------- কর্মকর্তা ও কর্মচারী (সকল), সুনামগঞ্জ সদর।
০৬. অফিসার ইনচার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা, সুনামগঞ্জ।
০৭. অধ্যক্ষ ---------------------------------------------------------------------------------------------------- কলেজ, সুনামগঞ্জ সদর।
০৮. প্রধান শিক্ষক/সুপার ---------------------------------------------------------------- প্রাথমিক/উচ্চবিদ্যালয়/মাদ্রাসা, সুনামগঞ্জ সদর।
০৯. ব্যবস্থাপক/সমন্বয়ক ---------------------------------------------------------------------------- এনজি'ও (সকল), সুনামগঞ্জ সদর।
১০. চেয়ারম্যান ও ইউপি সচিব ---------------------------------------------------ইউনিয়ন পরিষদ (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১. জনাব ---------------------------------------------------------------------------------------------------- সুনামগঞ্জ সদর।
১২. অফিস কপি/সংরক্ষণ নথি।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
Email-unosunamganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
www.sadarsunamganj.gov.bd

## স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক মার্চ, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মৌসুমী মান্নান, উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
তারিখ : ০৭ মার্চ, ২০২৪।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় সভাপতি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ফলে দেশের সকল পর্যায়ের জনগণ এর সুফল ভোগ করছেন। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালে "স্মার্ট বাংলাদেশ" এবং সুখী সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণে তিনি সকলকে আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্মার্ট বাংলাদেশের ০৪টি স্তম্ভ নির্ধারণ করা হয়েছে, যথাক্রমে স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্ণমেন্ট ও স্মার্ট সোসাইটি। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এ চারটি ক্ষেত্রকে চিহ্নিত করে অগ্রসর হলে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের কোন অবশিষ্ট থাকবে না। স্মার্ট নাগরিক ও স্মার্ট সরকার এর মাধ্যমে সকল সেবা এবং মাধ্যম ডিজিটালে রূপান্তরিত হবে। আর স্মার্ট সমাজ ও স্মার্ট অর্থনীতি প্রবৃদ্ধি নিশ্চিত করতে অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন এবং ব্যবসা বান্ধব পরিবেশ গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। এক কথায় সব কাজই হবে স্মার্ট। অনলাইনে শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে এক শিক্ষার্থী, এক ল্যাপটপ, এক স্বপ্নের উদ্যোগ নেয়ার কথা বলা হয়েছে। এর আওতায় সকল ডিজিটাল সেবা কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউডের আওতায় চলে আসবে। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে প্রয়োজনীয় দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে তথ্য ও প্রযুক্তি বিষয়ে শিক্ষার্থীদেরকে অবহিতকরণ ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। পরিশেষে সভাপতি উপজেলার সকল পর্যায়ে স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচার ও বাস্তবায়নের লক্ষ্যে সকলকে আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | সভায় উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালে "স্মার্ট বাংলাদেশ" এবং সুখী সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণে সকলকে একযোগে আন্তরিকতার সহিত কাজ করতে হবে। তিনি আরও বলেন যে, বর্তমানে কৃষকদের জন্য বিভিন্ন এ্যাপ চালু রয়েছে। সেখান থেকে কৃষকরা তাদের কৃষি কাজ সম্পর্কিত বিভিন্ন তথ্য ঘরে বসে সংগ্রহ করতে পারবে। ফলে কৃষকদের আর কৃষি অফিসে আসার প্রয়োজন পড়বে না।<br>সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্মার্ট বাংলাদেশের যে ০৪টি স্তম্ভ নির্ধারণ করা হয়েছে, যথাক্রমে স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্ণমেন্ট ও স্মার্ট সোসাইটি এ চারটি ক্ষেত্রকে চিহ্নিত করে অগ্রসর হলে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করা সম্ভব। তিনি এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কৃষির গুরুত্ব অপরিসীম। তাই কৃষি সেক্টরকে আধুনিকায়ন করতে হবে। এ বিষয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। | ১। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালে "স্মার্ট বাংলাদেশ" এবং সুখী সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণে সকলকে একযোগে আন্তরিকতার সহিত কাজ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সুনামগঞ্জ সদর উপজেলা কৃষি সেক্টরকে আধুনিকায়ন করা, কৃষকদের কৃষি সম্পর্কিত বিভিন্ন এ্যাপ সম্পর্কে ধারণা প্রদানসহ কৃষকদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা ............ অফিসার (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।<br>২। চেয়ারম্যান ............ ইউপি (সকল), সুনামগঞ্জ সদর।<br>৩। ব্যবস্থাপক/ সমন্বয়ক ........এনজি'ও (সকল), সুনামগঞ্জ সদর।<br>৪। জনাব ......সাংবাদিক (সকল)......... পত্রিকা, সুনামগঞ্জ।<br>৫। জনাব.........গণ্যমান্য ব্যক্তি, সুনামগঞ্জ সদর। |
| ০২ | সভায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ সদর বলেন যে, সারাদেশে প্রযুক্তির ব্যাপক উন্নয়ন হয়েছে। তারই ধারাবাহিকতায় সুনামগঞ্জ সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এ সকল ল্যাব কাজে লাগিয়ে শিক্ষা ক্ষেত্রে ব্যাপক উন্নয়নে ছাত্র-ছাত্রীদেরকে আইসিটিতে দক্ষ করে তুলতে হবে। এছাড়া উপজেলা | ১। সুনামগঞ্জ সদর উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদেরকে আইসিটিতে দক্ষ করার লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করার জন্য উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়। | ১। উপজেলা ...... অফিসার (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | পর্যায়ের প্রত্যেক দপ্তর তাদের সেবাকে আরও সহজ করতে নিয়মিতভাবে সকল তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে এবং সকল কর্মচারীদেরকে আইসিটিতে দক্ষ করার লক্ষ্যে স্ব-উদ্যোগে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরও বলেন যে, সুনামগঞ্জ সদর উপজেলার প্রত্যেক ইউনিয়নে ১জন পুরুষ এবং ১জন নারী উদ্যোক্তা থাকার কথা থাকলেও কিছু সংখ্যক ইউনিয়নেই তা নেই বা সক্রিয় নয়। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উদ্যোক্তাদের ভূমিকা অপরিসীম, তাই প্রত্যেক ইউনিয়নে উদ্যোক্তা নিয়োগপূর্বক প্রতিমাসে তাদের থেকে প্রতিবেদন গ্রহণ করার জন্য তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়।<br>সভায় চেয়ারম্যান, কাঠইর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর বলেন যে, ডিজিটাল বাংলাদেশ একসময় মানুষের কাছে স্বপ্ন ছিল, কিন্তু বর্তমানে মানুষ তার সুফল পাচ্ছে। এখন জনগণ ঘরে বসেই বিভিন্ন ডিজিটাল সেবা গ্রহণ করছে। তেমনিভাবে মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে যে রোডম্যাপ তৈরী করেছেন তা সকলের আন্তরিকতা ও সহযোগিতায় বাস্তবায়ন করা সম্ভব। | ২। জনগণ যেন ঘরে বসেই সহজে তথ্য ও সেবা পেতে পারে সেজন্য সুনামগঞ্জ সদর উপজেলার সকল দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার জন্য উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।<br>৩। সুনামগঞ্জ সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটিতে দক্ষ করার লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ করা হয়।<br>৪। সুনামগঞ্জ সদর উপজেলার প্রত্যেক ইউনিয়নে ১জন পুরুষ এবং ১জন নারী উদ্যোক্তা নিয়োগপূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর।<br>৪। চেয়ারম্যান ....... ইউপি (সকল), সুনামগঞ্জ সদর। |
| ০৩ | সভায় জনাব মো: বুরহান উদ্দিন, সাংবাদিক, দৈনিক ইত্তেফাক, সুনামগঞ্জ বলেন যে, স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ এর ৪টি পিলার যথাক্রমে স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্ণমেন্ট ও স্মার্ট সোসাইটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে দক্ষ জনবল তৈরী করা, শিক্ষাক্ষেত্র আধুনিকায়ন করা, মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং স্কুল প্রাঙ্গনকে সবুজায়ন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। | স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ এর ৪টি পিলার যথাক্রমে স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্ণমেন্ট ও স্মার্ট সোসাইটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে দক্ষ জনবল তৈরী করা, শিক্ষাক্ষেত্র আধুনিকায়ন করা, মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং স্কুল প্রাঙ্গনকে সবুজায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা ...... অফিসার (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
Email-unosunamganj@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.২২.০১০.২০.৩৭৮ তারিখ : ০৭ মার্চ, ২০২৪।

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে**

০১. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে**

০৪. সহকারী কমিশনার (ভূমি), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৫. উপজেলা ........................................................................................ অফিসার (সকল), সুনামগঞ্জ সদর।
০৬. চেয়ারম্যান ........................... ইউপি (সকল), সুনামগঞ্জ সদর।
০৭. ব্যবস্থাপক/ সমন্বয়ক ...........................................................এনজি'ও (সকল), সুনামগঞ্জ সদর।
০৮. জনাব ........................................ সাংবাদিক (সকল).............................. পত্রিকা, সুনামগঞ্জ।
০৯. জনাব............................................................................গণ্যমান্য ব্যক্তি, সুনামগঞ্জ সদর।
১০. অফিস কপি।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
Email-unosunamganj@mopa.gov.bd